

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২৭.০০৪.২০-২৪৫

তারিখ: ০৯/০৬/২০২০ খ্রি.


বিষয়: কটিয়াদী উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোহাম্মদ মুশতাকুর রহমান এর বিরুদ্ধে আনীত  
অভিযোগের বিষয়ে তদন্ত প্রতিবেদন।

সূত্র: জেলা প্রশাসক, কিশোরগঞ্জ এর স্মারক নং-৮৫, তাং:- ৩১/০৫/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, কটিয়াদী উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোহাম্মদ মুশতাকুর রহমান এর বিরুদ্ধে উপজেলা নির্বাহী অফিসারসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণের সাথে অসৌজন্যমূলক আচরণ, বিভিন্ন ভাতাভোগী নির্বাচনে অযোগ্য ব্যক্তিদেরকে চূড়ান্তভাবে বাছাই না করায় সমাজসেবা কর্মকর্তার সাথে, এবং মহান বিজয় দিবস/২০১৯ এর সাংস্কৃতিক অনুষ্ঠানে কথা কাটাকাটির এক পর্যায়ে সিনিয়র মৎস্য কর্মকর্তার (বর্তমানে নেত্রকোণা সদরে কর্মরত) কে হুমকিসহ অসংলগ্ন আচরণ; আমন/বরো ধান সংগ্রহের বিষয়ে ৫০০ জন কৃষকের নাম সংরক্ষণ করে অন্যান্য কৃষকদের নাম লটারির মাধ্যমে নির্বাচনের জন্য অবৈধ চাপ প্রয়োগ; এবং মোবাইল কোর্ট পরিচালনাকালীন সময়ে স্বশরীরে ঘটনাস্থলে উপস্থিত হয়ে কিংবা মোবাইল ফোনে দন্ড প্রদানের বিষয়ে অযাচিত হস্তক্ষেপ করার চেষ্টাসহ অন্যান্য অভিযোগের বিষয়ে তদন্ত করে প্রতিবেদন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে

পরিচালক  
স্থানীয় সরকার  
ঢাকা বিভাগ, ঢাকা।

  
(মোহাম্মদ জহিরুল ইসলাম)  
উপসচিব  
ফোন : ৯৫৭৭২৩০  
e-mail : lgd.upazila2@gmail.com

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।